# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৪৬

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ কোন কোন সময় মাস পূর্ণ ৩০ দিনেও হয় মর্মে বর্ণনা

## ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الشَّهْرَ قَدْ يَكُونُ عَلَى التَّمَامِ ثَلَاثِينَ فِي بَعْضِ الْأَحْوَالِ

আরবী

3446 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذِ بْنِ مُعَاذٍ الْعَنْبَرِيُّ حَدَّثَنَا أَبِي: حَدَّثَنَا عَاصِمُ بْنُ مُحَمَّدِ بْنِ زَيْدٍ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ ابْنُ عُمَرَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الشَّهْرُ هَكَذَا الشَّهْرُ هَكَذَا) يُثَبِّتُ الثَّلَاثَةَ الْأُوَلَ بِكُلِّ أَصَابِعِ يَدَيْهِ وَالثَّلَاثَ الْأَوَاخِرَ بِكُلِّ أَصَابِعِ يَدَيْهِ إِلَّا الآخر.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3446 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق على صحيح ابن خزيمة)) (3/ 202/1909).

বাংলা

৩৪৪৬. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কোন মাস এরকম হয় আবার কোন মাস এরকম হয়।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রথমবার দুই হাতের সব আঙ্গুল দিয়ে ইশারা করেন এবং দ্বিতীয়বারেও দুই হাতের সব আঙ্গুল দিয়ে ইশারা করেন তবে তৃতীয়বারে এক আঙ্গুল ব্যতীত সব আঙ্গুল দিয়ে ইশারা করেন।”[1]

ফুটনোট

[1]সহীহ ইবনু খুযাইমাহ: ১৯১৯; সুনান বাইহাকী: ৪/২০৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুযাইমাহ: ১৯০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন